# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৪৯০৮/২১৫ তারিখ: ০৭-০৪-২০২৬ খ্রি.

**বিষয়: সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন পাটকেলঘাটা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শেখ আব্দুল হাই-কে স্বপদে পুনর্বহাল করে বকেয়াসহ পূর্ণ বেতন ভাতাদি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (১) অভিযোগকারীর ১০-১১-২০২৫ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি-৩৫০৪৯)।
(২) জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা-এর ০৯-০৩-২০২৬ খ্রি. তারিখের ৩৭.০২.৮৭০০.০০১.০০.০১৬.২৫-১১৭ নং স্মারক পত্রের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন পাটকেলঘাটা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শেখ আব্দুল হাই অ্যাডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত প্রত্যাহারসহ বেতন ভাতাদি প্রাপ্তির জন্য শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা-কে এ বিষয়ে তদন্তের দায়িত্ব প্রদান করা হয়। এর প্রেক্ষিতে গত ০৯-০৩-২০২৫ খ্রি. তারিখে জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা তদন্ত প্রতিবেদন শিক্ষা বোর্ডে প্রেরণ করেন। প্রেরিত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রধান শিক্ষক জনাব শেখ আব্দুল হাই-কে অ্যাডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তের প্রক্রিয়াটি ত্রুটিপূর্ণ ও বিধিবর্হিভূত ছিল। এছাড়াও তদন্ত কর্মকর্তা ত্রুটিপূর্ণ ও বিধিবর্হিভূত সাময়িক বরখাস্তাদেশটি প্রত্যাহারপূর্বক তাঁকে পূর্ণ বেতন-ভাতাদি প্রদানের জন্য তদন্ত প্রতিবেদনে সুপারিশ করেছেন। এমতাবস্থায় সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শেখ আব্দুল হাই-এর সাময়িক বরখাস্ত সংক্রান্ত পত্রটি প্রত্যাহারপূর্বক তাঁকে স্ব-পদে পুনর্বহাল করে বকেয়াসহ পূর্ণ বেতন ভাতাদি প্রদান করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(প্রফেসর ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি
পাটকেলঘাটা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় (১১৯০২১)
পাটকেলঘাটা,তালা,সাতক্ষীরা।

স্মারক নম্বর-বিপ-৬/৪৯০৮/২১৪ তারিখ: ০৭-০৪-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
৭। জনাব শেখ আব্দুল হাই, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)
পাটকেলঘাটা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় (১১৯০২১), পাটকেলঘাটা, তালা, সাতক্ষীরা।
৮। সংরক্ষণ নথি।

০৭/০৪/২০২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর